

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 15-04-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Poyla Boishakh :**

আজ বাংলা নববর্ষ, ১৪৩২ বঙ্গাব্দের শুরু। পয়লা বৈশাখ ঘিরে রাজ্যবাসীর ঘরে ঘরে পার্বনের পালা। চেনা রীতি মেনে বছরের প্রথম দিনে শুরু হয়েছে মঙ্গল কামনায় পূজো। রাজধানীর লক্ষ্মীনারায়ন মন্দির সহ বিভিন্ন মন্দিরে সকাল থেকে ভক্তসমাগম লক্ষ করা গেছে। ব্যবসায়ীরা এদিন নতুন হালখাতা সূচনা করতে ভীড় জমিয়েছেন মন্দির গুলিতে। বিভিন্ন মন্দির প্রাঙ্গনে বসেছে মেলা। সব মিলিয়ে গোটা বছরে সুস্থতা, আনন্দ, মঙ্গল কামনায় রাজ্যবাসী।

\*\*\*\*\*

**Sudhanshu Das :**

মৎস মন্ত্রী সুধাংশু দাস বলেছেন পয়লা বৈশাখ উপলক্ষে মৎস দণ্ডরের উদ্যোগে সরকারিভাবে ন্যায্যমূল্যে মাছ বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে দণ্ডর। আজ সকাল ৮টা থেকে রাজ্যের ২১ টি স্থানে মৎস দণ্ডরের উদ্যোগে বিভিন্ন সেন্টারে প্রায় ৬ হাজার কেজি মাছ বিক্রির উদ্যোগ নেওয়া হয়েছে। মন্ত্রী বলেন রাজ্য উৎপাদিত কাতল, ঝই, মৃগেল কারফিউ, সিলভার সহ বিভিন্ন মাছ সরকারী ন্যায্য মূল্যে বিক্রি করা হবে। তাছাড়া মহারাজগঞ্জ বাজারের মৎস্য দণ্ডরের কাউন্টারে ন্যায্য মূল্যে দেওয়া হবে ইলিশ মাছ।

\*\*\*\*\*

**Naba Barsho :**

আজ বাংলা নববর্ষ। বঙ্গাব্দ ১৪৩২। পয়লা বৈশাখে বাঙালির ঘরে ঘরে ও বাণিজ্য প্রতিষ্ঠানে চলছে পূজো ও উৎসবিক আনন্দে নানা উপাচার, চিরাচরিত খাদ্য সম্ভারে

ভোজ। নতুন জামাকাপড় পরে ‘শুভ নববর্ষ’ বলে শুভেচ্ছা বিনিময়। ব্যবসায়ীরা এদিন নতুন হালখাতা সূচনা করাতে যাচ্ছেন মন্দিরে মন্দিরে। এই নিয়ে একটি প্রতিবেদন -

#####Borsho Baron Story#####

### **Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, তিনটি নতুন ফৌজদারি আইন একবিংশ শতাব্দীর বৃহত্তম সংস্কার। গতকাল নতুনদিল্লিতে অল ইণ্ডিয়া ফরেনসিক সায়েন্স সামিট-এ বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ভারত সরকার বিচার ব্যবস্থাকে জনকেন্দ্রিক ও বৈজ্ঞানিক করার চেষ্টা করছে। ন্যায়বিচার প্রার্থীরা যাতে সময়মতো ন্যায়বিচার পান তা নিশ্চিত করার জন্য সরকার কাজ করছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, দেশের ফৌজদারি বিচার ব্যবস্থাকে শক্তিশালী করতে ফরেনসিক বিজ্ঞান খুবই কার্যকর।

\*\*\*\*\*

### **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*

\*\*\*\*\*